বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর
প্রশাসন শাখা
২৫ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.ocei.gov.bd

**নম্বর:** ২৭.০১.০০০০.০০০.০০১.০১.০০২০.২২.১৬৩

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

# নিয়োগপত্র

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের রাজস্ব খাতভুক্ত **"অফিস সহায়ক"** পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর টাকা ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীগণকে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | মেধাক্রম | রোল | প্রার্থীর নাম,<br>পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ১. | ১ম | ১৭০১৫৭৭ | মোঃ সোহেল রানা<br>পিতা: মোঃ আবু বক্কার সিদ্দিক<br>মাতা: শেফালি বেগম | গ্রামঃ বেতকান্দি, ডাকঘরঃ পঞ্চক্রোশী<br>থানাঃ উল্লাপাড়া, জেলাঃ সিরাজগঞ্জ। |
| ২. | ২য় | ১৭০০৮৯২ | আয়না আক্তার<br>পিতা: আশ্রব আলী<br>মাতা: তাছলিমা বেগম | গ্রামঃ বাইমাইল, ডাকঘরঃ বায়রা<br>থানাঃ সিংগাইর, জেলাঃ মানিকগঞ্জ। |
| ৩. | ৩য় | ১৭০০২৭৫ | মোঃ রবিন মিয়া<br>পিতা: মোঃ লাল মিয়া<br>মাতা: সেলিমা বেগম | গ্রামঃ ভাবকী, ডাকঘরঃ ভাবকী বাজার<br>থানাঃ মেলান্দহ, জেলাঃ জামালপুর। |

**নিয়োগের শর্তাবলি:**

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। যোগদানের সময় সকল সনদের মূলকপি ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করতে হবে এবং ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও সকল সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
(খ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরি অবসান ঘটাতে পারবে;
(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবে;
(ঘ) যোগদানের সময় এ নিয়োগপত্রের কপি প্রদর্শনপূর্বক দাখিল করতে হবে;
(ঙ) চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিদ্যমান বিধি মোতাবেক নির্ধারিত হবে;
(চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ এবং ডোপ টেস্ট রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
(ছ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
(জ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ৯ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ২৫ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০ বরাবর উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

২৭-০৭-২০২৬
মোঃ আনোয়ারুল ইসলাম
প্রধান বিদ্যুৎ পরিদর্শক
ফোন : ৫৮৩১৫২১১
ইমেইল : eadvisor@pd.gov.bd

নম্বর: ২৭.০১.০০০০.০০০.০০১.০১.০০২০.২২.১৬৩/১ (৯)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব (রুটিন দায়িত্ব), সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, বিদ্যুৎ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সিভিল সার্জন, ঢাকা/সিরাজগঞ্জ/মানিকগঞ্জ/জামালপুর।
৪। উপপ্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রশাসন শাখা, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর।
৬। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে)।
৭। হিসাব রক্ষক, হিসাব শাখা, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর।
৮। জনাব/বেগম, .........................................................................................।
৯। অফিস কপি।

২৭-০৭-২০২৬
মোঃ আনোয়ারুল ইসলাম
প্রধান বিদ্যুৎ পরিদর্শক